গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।
www.dwashailkupa.gov.bd

স্মারক নং-৩২.০১.৪৪৪৮.০০১.০১.০০২.১৯- ২৪১ তারিখঃ- ২১/১২/২০২১ খ্রিঃ।

**"নোটিশ"**

আগামী ২৩ ডিসেম্বর ২০২২ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে, উপজেলা স্থায়ী কমিটির সভার আহবান করা হয়েছে।

উক্ত সভার একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

21/12/2022
রেশমা খানম
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।

প্রাপক,
......................
শৈলকুপা, ঝিনাইদহ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।
৪। অফিস কপি।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী:

**সভাপতি:-** মোছাঃ নিলুফা ইয়াসমিন | **সভার তারিখ :** ২৩/১২/২০২১ ইং

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা, ঝিনাইদহ।

**সভার স্থান:-** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, শৈলকুপা ঝিনাইদহ। | **সময়** : বেলা ১১.০০ ঘটিকায়।

**সভায় উপস্থিত**:- সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সদস্য সচিব সভার আলোচ্যসূচী পেশ করেন।

আলোচ্য সূচি অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ১:** বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

**আলোচনা:** সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণ পাঠ শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে সংযোজন বিয়োজন ছাড়াই কার্যবিবরণী অনুমোদিত হয়।

**ভিজিডি খাদ্যশস্য বিতরণ ও প্রশিক্ষণ কর্মসূচি: (১)** ভিজিডি খাদ্যশস্য বিতরণ ও প্রশিক্ষণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শৈলকুপা, উপজেলাধীন ১৪ টি ইউনিয়নের ২৩৮২ জন উপকারভোগীর মাঝে ডিসেম্বর/২০২১ মাসের ভিজিডি খাদ্যশস্য (পুষ্টিচাল) ৩০ কেজি সাধারণ চাল এবং ৩০০ গ্রাম পুষ্টি চালের মিশ্রণসহ ৩০ কেজি ৩০০ গ্রাম হারে উপকারভোগীদের সাঝে বিতরণ করা হয়েছে এবং মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকার সাথে চুক্তি বদ্ধ এনজিও সবুজ কল্যাণ সংস্থার মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

**সিদ্ধান্ত:** সঠিক সময়ের মধ্যে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) খাদ্যশস্য বিতরণ সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ পুষ্টিচাল সরবরাহকারী কর্তৃপক্ষ এবং ইউপি চেয়ারম্যানবৃন্দ।

(২)**মা ও শিশু সহায়তা কর্মসূচি:** সভায় সদস্য সচিব জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর বরাদ্দ না থাকায় ইউনিয়ন হতে ডিসেম্বর/২০২১ মাসে ভাতাভোগী নির্বাচন করা হয়নি। তিনি আরো জানান যে, কিন্তু পৌরসভা পর্যায়ে প্রতি মাসে ২৫ জন করে ভাতাভোগীর বরাদ্দ চলমান আছে এবং সে মোতাবেক ডিসেম্বর/২০২১ মাসে পৌরসভার ২৫ জন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে।

**সিদ্ধান্ত:** বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নতুন ভাতাভোগী নির্বাচন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ এবং সংশ্লিষ্ট এনজিও।

(৩) **আইজিএ প্রশিক্ষণ প্রকল্প:** সভায় সদস্যসচিব জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রকল্প চালু আছে। ডিসেম্বর/২০২১ এ উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) শীর্ষক প্রকল্পের ১৩ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমাল রয়েছে। ফ্যাশন ডিজাইন এবং ভার্মি কম্পোষ্ট, মাশরুম ও মৌচাষ প্রশিক্ষণের জন্য প্রতি ব্যাচে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থী রয়েছে। উপজেলার অপেক্ষাকৃত দরিদ্র মহিলাগণ এর সুবিধা পাচ্ছে। বিনামুল্যে এদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এবং যাতায়াত ভাতা বাবদ প্রতিদিন ২০০/- টাকা প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের উৎপাদিত দ্রব্য মহিলা বিষয়ক অধিদপ্তর সেল সেন্টারের মাধ্যমে বিক্রয় করা হয়। এবং এদের ক্ষুদ্রঋণ প্রদানের ব্যবস্থা করা হয় এবং লিংকেজ করে দেয়া হয়।

**(৪) নারী উন্নয়ন ও জেন্ডার সমতা:** সভায় সদস্য সচিব জানান যে, নারী ও জেন্ডার সমতা উন্নয়নে শৈলকুপা উপজেলার ১৪ (চৌদ্দ) টি ইউনিয়নের ইউনিয়ন পরিষদ বিভিন্ন ভাতাভোগী সুশীল সমাজ এবং অন্যান্য স্টক হোল্ডারদের সঙ্গে যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, আত্মহত্যা প্রতিরোধসহ অন্যান্য সামাজিক সচেতনতা মূলক কার্যক্রম চলমান আছে।

**সিদ্ধান্ত:** নারী উন্নয়ন ও জেন্ডার সমতার লক্ষ্যে ইউনিয় পর্যায়ে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ এবং চেয়ারম্যান সকল ইউনিয়ন শৈলকুপা, ঝিনাইদহ।

**(৫) কিশোর-কিশোরী ক্লাব:** সভায় অবহিত করেন যে, শৈলকুপা উপজেলার ১৪ (চৌদ্দ) টি ইউনিয়ন এবং ০১ (এক)টি পৌরসভাসহ মোট ১৫ টি কিশোর-কিশোরী ক্লাব চালু আছে। এখানে মোট ২০ জন কিশোরী এবং ১০ জন কিশোরসহ মোট ৩০ জন ছাত্র-ছাত্রী আছে। এদের সংগীত আবৃত্তি, বিভিন্ন সামাজিক সচেতনতা মূলক বিষয়ে অবহিত করা হয়। সপ্তাহে শুক্রবার ও শনিবার ক্লাশ হয় এবং পুষ্টিকর নাস্তা সরবরাহ করা হয়।

**সিদ্ধান্ত:** ছাত্র-ছাত্রীদের ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে এবং এদের সকল বিষয়ে সঠিক ভাবে নির্দেশনা প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শৈলকুপা এবং সংশ্লিষ্ট সকল।

**(৬) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম:** সভায় সদস্য সচিব জানান যে, মহিলাদের জন্য আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে গ্রামের দরিদ্র মহিলাদের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে ৩৬১ জনকে মোট ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা। এছাড়া মহিলাদের জন্য আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত:** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং এদের সকল বিষয়ে সঠিক ভাবে দিক নির্দেশনা প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শৈলকুপা এবং সংশ্লিষ্ট সকল।

**(৭) বিবিধ (নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ এবং মানব পাচার প্রতিরোধ কার্যক্রম):** সভায় সদস্য সচিব জানান যে, নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ এবং মানব পাচার প্রতিরোধ কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য বা আবেদন পেলে উপজেলা কমিটির মাধ্যমে সমাধান করা হয়। নারী ও শিশু সুরক্ষার জন্য সকল প্রকার সহযোগিতা করা হয়। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্প-লাইন ১০৯ এ ফোন করে সমাধান পাওয়া যায়। এছাড়াও নির্যাতিত নারী ও শিশুদের নিরাপদ আশ্রয় হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত আশ্রয় কেন্দ্রে প্রেরণ করা হয়। নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ এবং মানব পাচার প্রতিরোধ কার্যক্রম চলমান আছে।

**সিদ্ধান্ত:** নারীও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ এবং মানব পাচার প্রতিরোধ কার্যক্রম সকল বিষয়ে সঠিক ভাবে দিক নির্দেশনা প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শৈলকুপা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শৈলকুপা উপজেলা কে নারী ও শিশু বান্ধব উপজেলা গড়ে তোলার লক্ষ্যে সকলকে একসাথে কাজ করার জন্য অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছা: নিলুফা ইয়াসমিন)
উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।
Email: reshma.uwao@gmail.com

স্মারক নং: ৩২.০১.৪৪৮০.০০০.১৬.০০৩.১৯- **২৩৪** তারিখ: ২৩-১২-২০২১ খ্রিঃ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)।
৪। অফিস কপি।

২৩।১২।২০২২

**(রেশমা খানম)**
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

**উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার হাজিরা:**

**স্থান:** উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শৈলকুপা, ঝিনাইদহ। **সভার তারিখ:** ২৬ / ১২ / ২০২১ **খ্রি:।**

**সময়** : বেলা ১২.০০ ঘটিকায়।

| ক্রমিক নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) | |
| ০২ | | চেয়ারম্যান, ফুলহরি ইউনিয়ন | |
| ০৩ | | চেয়ারম্যান, বগুড়া ইউনিয়ন | |
| ০৪ | | চেয়ারম্যান, আবাইপুর ইউনিয়ন | |
| ০৫ | রেক্সোনা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 26/12/2021 |